চলেছে তরণী প্রসাদপবনে,  কে যাবে এসো হে শান্তিভবনে ।
এ ভবসংসারে ঘিরেছে আঁধারে,  কেন রে ব'সে হেথা ম্লানমুখ ।
প্রাণের বাসনা হেথায় পূরে না,   হেথায় কোথা প্রেম কোথা সুখ ।
এ ভবকোলাহল, এ পাপহলাহল,   এ দুখশোকানল দূরে যাক ।
সমুখে চাহিয়ে পুলকে গাহিয়ে   চলো রে শুনে চলি তাঁর ডাক ।
বিষয়ভাবনা লইয়া যাব না,   তুচ্ছ সুখদুখ প'ড়ে থাক্ ।
ভবের নিশীথিনী ঘিরিবে ঘনঘোরে,তখন কার মুখ চাহিবে ।
সাধের ধনজন দিয়ে বিসর্জন  কিসের আশে প্রাণ রাখিবে ॥

---

Parjaay: Puja O Prarthana, Taal: Teyora, Raag: Mishra Malhaar

Visit www.geetabitan.com for notation and other detail